

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২৪

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البیوع)

পরিচ্ছেদঃ ৪৮. সম্পদশালী ব্যক্তির (ঋণ পরিশোধে) বিলম্ব করা/গড়িমসি করা যুলুম

باب فِي مَطْلُ الْغَنِيِّ ظُلْمٌ

আরবী

حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ أَبِي الزِّنَادِ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَطْلُ الْغَنِيِّ ظُلْمٌ وَإِذَا أُتْبِعَ أَحَدُكُمْ عَلَى مَلِيءٍ فَلْيَتْبَعْ

বাংলা

২৬২৪. আবৃ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "ধনী ব্যক্তির ঋণ পরিশোধে গড়িমসি করা জুলুম। যখন তোমাদের কাউকে (তার ঋণ আদায়ের জন্যে) কোন ধনী ব্যক্তির হাওয়ালা করা হয়, তখন সে যেন তা মেনে নেয়।"[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: মালিক, বুয়ৄ ৮৪ সহীহ সনদে; বুখারী, হাওয়ালাহ ২২৮৭; মুসলিম, মাসাকাত ১৫৬৪। ((তিরমিয়ী, বুয়ূ ১৩০৮; নাসায়ী, বুয়ূ ৭/৩১৬ নং ৪৬৮৮, ৪৬৯১, আবু দাউদ, বুয়ূ ৩৩৪৫, ইবনু মাজাহ, সাদাকাত ২৪০৩; আহমাদ ৭২৯১, ২৭৭৭৮, ৭৪৮৮, ২৭৩৯২, ৮৬৭৯, ২৭২৩৯, ৯৬৭৬, মুয়াত্তা মালেক ১৩৭৯।- ফাওয়ায আহমেদের দারেমী হা/২৫৮৫ এর টীকা।-অনুবাদক))

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬২৮৩, ৬২৯৮, ৬৩৪৪ ও সহীহ ইবনু হিব্বান নং ৫০৫৩, ৫০৯০ ও মুসনাদুল হুমাইদী নং ১০৬২ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন